

/মাস্টার্স (প্রফেশনাল)\ ভর্তির মেধা তালিকা প্রকাশ আজ

■ বাসস

আজ ১৯ জুলাই জাতীয় বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স (প্রফেশনাল) ভর্তির মেধা তালিকা প্রকাশ করা হবে। বিশ্ববিদ্যালয়ের ২০১৬ সালের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি কার্যক্রমে এল এল বি ১ম পর্ব/ পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/ ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স/ এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/ মাস্টার অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)/ এম বি এ ইন অ্যাপারেল মার্চেন্টাইজিং কোর্সের মেধা তালিকা প্রকাশ করা হবে। গতকাল বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়। ফলাফল পেতে বিকাল ৪টা থেকে এসএমএসের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে (nuatpmroll no) লিখে ১৬২২২ নম্বরে Send করে এবং রাত ৯ টায় ওয়েব সাইট www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd থেকে ফল পাওয়া যাবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়।